

বত্রিশ বছরে জাতীয় বিশ্ববিদ্যালয়

শিক্ষার্থীদের প্রত্যাশা

বিপ্লব হোসেন

প্রকাশিত: ০০:৪৭, ১৩ অক্টোবর ২০২৪



জাতীয় বিশ্ববিদ্যালয় বাংলাদেশের সর্ববৃহৎ পাবলিক বিশ্ববিদ্যালয়

জাতীয় বিশ্ববিদ্যালয় বাংলাদেশের সর্ববৃহৎ পাবলিক বিশ্ববিদ্যালয়। শিক্ষার্থী অন্তর্ভুক্তির দিকে দিয়ে এটি বিশ্বের চতুর্থ বৃহত্তম বিশ্ববিদ্যালয়ও। ১৯৯২ সালে কার্যক্রম শুরু করে ২১ অক্টোবর জাতীয় বিশ্ববিদ্যালয় তার পথচলার বত্রিশ বছরে পদার্পণ করছে। তিন দশকের বেশি সময় পেয়ে গেলেও বর্তমানে বিশ্ববিদ্যালয়টি তার সকল শিক্ষার্থীদের মাঝে এখনো সময়োপযোগী মানসম্মত ২ শিক্ষা পৌঁছে দিতে বিভিন্ন চ্যালেঞ্জের মুখোমুখি। জাতীয় বিশ্ববিদ্যালয়ে পথচলার বত্রিশ বর্ষপূর্তিতে বর্তমান প্রতিবন্ধকতাগুলো নিয়ে কী ভাবছেন শিক্ষার্থীর জানিয়েছেন- বিপ্লব হোসেন

সেশনজট নিরসন হোক

জাতীয় বিশ্ববিদ্যালয় বাংলাদেশের উচ্চশিক্ষা স্তরের অন্যতম বৃহৎ প্ল্যাটফর্ম। ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ওপর বাড়তি চাপ কমাতে ও অধিভুক্ত কলেজগুলোর মান উন্নয়নে লক্ষ্যে ১৯৯২ সালের ২১ অক্টোবর জাতীয় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়। বর্তমানে জাতীয় বিশ্ববিদ্যালয়কেন্দ্রিক আবর্তিত সমস্যাগুলোর মধ্যে অন্যতম প্রধান সমস্যা হচ্ছে সেশনজট সেশনজটের কারণে জাতীয় বিশ্ববিদ্যালয়ের লাখ লাখ শিক্ষার্থীর জীবনে আজ বিপর্যয় নেবে এসেছে।

এছাড়াও জাতীয় বিশ্ববিদ্যালয়ের সমস্যাগুলোর মধ্যে আছে সময়োপযোগী শিক্ষাব্যবস্থা অনুপস্থিতি, কারিগরি শিক্ষায় অনগ্রসরতা এবং ক্লাস ও অবকাঠামোগত সমস্যা। জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রতিবন্ধকতা ও সমস্যা নিরসনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং তা বাস্তবায়নের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের অপার সম্ভাবনা নিশ্চিত করতে হবে তবেই কেবল জাতীয় বিশ্ববিদ্যালয়ের লাখ লাখ শিক্ষার্থীর জীবন প্রাণ ফিরে পাবে।

এস.এম.রাহমান জিকু

শিক্ষার্থী, চট্টগ্রাম কলেজ

তিন দশকেও বাড়েনি শিক্ষার মান

১৯৯২ সালে শিক্ষার মান উন্নয়নের উদ্দেশ্যে জাতীয় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হলেও গত ত্রিশ বছরেও বাড়েনি বিশ্ববিদ্যালয়টির শিক্ষার মান। শিক্ষার মান উন্নয়নে কোনো বিশেষ উদ্যোগেরও দেখা মেলেনি এতদিনে। বিশ্ববিদ্যালয়টিতে যথাযথ দক্ষ শিক্ষক না থাকায় ২১ লাখেরও বেশি শিক্ষার্থী প্রয়োজনীয় শিক্ষা থেকে বঞ্চিত। জাতীয় বিশ্ববিদ্যালয়ে পড়া এমন শিক্ষার্থী আছেন যারা এখনো একটি মেইল কিভাবে করতে হয় জানেন না।

এর দায়ভার কে নিবে? শিক্ষার মান উন্নয়নের উদ্দেশ্যে প্রতিষ্ঠিত এই বিশ্ববিদ্যালয়টি বরান্যান্য বিশ্ববিদ্যালয় থেকে অনেক পিছিয়ে আছে এখনো। এই বিশ্ববিদ্যালয়ের অধীনে পড়া শিক্ষার্থীদের গত ত্রিশ বছরের প্রাপ্তির খাতায় রয়েছে শুধুই হতাশা। তাই বলতে হচ্ছে, এরা বিশ্ববিদ্যালয়টির শিক্ষার মান উন্নয়নে সঠিক পদক্ষেপ নেওয়া সময়ের দাবি।

লাইজু আক্তার

শিক্ষার্থী, নারায়ণগঞ্জ সরকারি মহিলা কলেজ